



ছাত্রপরাটীদের বিচারের দাবিতে গতকাল ঢাকার দিঘলি ও দিঘলীয়া প্রকটভেরি করেন - ঢাকা

দীর্ঘদিন পর রাবিতে ছাত্রদলের মিছিল ছাত্রলীগের দাবি প্রকটভেরি পদত্যাগ

রাবি সংবাদদাতা

জাতীয় সংসদ নির্বাচনের পর প্রথমবারের মতো গণ্ডকাল ছাত্রদল রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শাখা ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে। তবে মিছিলে বহিরাগত শিক্ষার্থীর অংশগ্রহণের অভিযোগে দুজনকে আটক করে কিছুক্ষণ পর ছেড়ে দেয় পুলিশ। এদিকে বহিরাগত ছাত্র আটকের পর রহস্যজনক কারণে ছেড়ে দেয়ায় ২৪ ঘণ্টার অফসিটেম দিয়ে বিশ্ববিদ্যালয় প্রকটভেরি পদত্যাগ দাবি করেছে ছাত্রলীগ।

জানা যায়, নির্বাচন-পরবর্তী সময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নেতাকর্মীরা ছাত্রদল নেতাকর্মীদের ওপর নির্ভরতা, রুম দখল, চাঁদাবাজি ও অরাজক পরিস্থিতি সৃষ্টির প্রতিবাদে গতকাল ছাত্রদল ক্যাম্পাসে এ মিছিল সমাবেশ করে। শিডিউল মিছিলের অংশ হিসেবে সকাল সাড়ে ১১টার দিকে দলীয় টেন্ট থেকে মিছিল বের করে তারা। বহিরাগত ক্যাম্পাসে নিয়ে ছাত্রদল ক্যাম্পাসে মিছিল বের করেছে এমন সংবাদের ভিত্তিতে ছাত্রলীগ নেতাকর্মীরা তাদের টেন্টে একত্রিত হয়ে ছাত্রদলকে প্রতিহত করার প্রস্তুতি নেয়। এরপর নেতাকর্মীরা ছাত্রদলের টেন্টে চলে আসে। এ সময় উভয় দলে নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে

পড়ে। ছাত্রদলের মিছিল শেষে পুলিশ দুই বহিরাগত ছাত্রকে আটক করে রহস্যজনক কারণে পুরে ছেড়ে দেয়। এদিকে বহিরাগতদের আটকের পর ছাত্রলীগের অনুমতি ছাড়া কেন তাদের ছেড়ে দেয়া হলো এমন অভিযোগে ছাত্রলীগ নেতাকর্মীরা মতিহার খানার ওসি রফিকুল ইসলামের সঙ্গে উচ্চবাকা করে।

পরে ছাত্রলীগ নেতাকর্মীরা প্রকটভেরি অফিসেও যায়। সেখানে গিয়ে তারা অভিযোগ করে, প্রকটভেরি প্রত্যাক মদনে ছাত্রদল ক্যাম্পাসে বহিরাগতদের নিয়ে মিছিল করেছে এবং প্রকটভেরি পরপরই তাদের ছেড়ে দেয়া হয়েছে। এ অবস্থায় আগামী ২৪ ঘণ্টার মধ্যে বহিরাগতদের আটক ও ছেড়ে দেয়ার ঘটনার বিচার অথবা প্রকটভেরি পদত্যাগ দাবি করে তারা। তবে বিশ্ববিদ্যালয়ের একটি সূত্রে জানা গেছে, ৯ জানুয়ারি প্রকটভেরি ড. এনাফুল হক অব্যাহতি চেয়ে ডিসির কাছে একটি চিঠি দিলেও এখন পর্যন্ত তা গ্রহণ করা হয়নি।

এ ব্যাপারে মতিহার খানার ওসি মো. রফিকুল ইসলামের সঙ্গে যোগাযোগ করা হলে সরকারি দলের ছাত্র সংগঠনের বিরুদ্ধে তাদের কিছু বলার নেই বলে জানান। তিনি আরো বলেন, প্রতিটি ছাত্র সংগঠনের মিছিলেই এমন দু'একজন বহিরাগত শিক্ষার্থী থাকে।